



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মানভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৭৬; ৪৮১১৬৬৬৫

Fax: 88-02-55030092, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিব বর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং: ৩৬.০৫.০০০০.০২২.৩৮.০০১.২১/১১৫৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বিএসটিআই'র ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন প্রসঙ্গে।

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণে জনপ্রশাসনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। বিএসটিআই'র সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের জন্য ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য, শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং-৩৬.০০.০০০০.০৭২.০৬.০০৫.২০-৫৩, তারিখ: ১৬-০৭-২০২১ খ্রি.-তে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী ধারণা, একটি সেবা সহজিকরণ এবং একটি সেবা ডিজিটাইজেশন এর নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে, ২০২১-২২ অর্থবছরের জন্য নিম্নের ছকে উল্লিখিত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশনের উদ্যোগ সিদ্ধান্ত নেওয়া হয়েছে:

কার্যক্রম	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রস্তাব	বাস্তবায়নের দায়িত্ব ও ক্ষেত্র	বাস্তবায়নের সময়সীমা (২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বর্ণিত)
১. উদ্ভাবনী ধারণা	পেট্রোল পাম্পে ডিসপেন্সিং ইউনিট থেকে সরবরাহকৃত জ্বালানি তেলের পরিমাণ সঠিকতা শতভাগ নিশ্চিতকরণ।	(১) বিভাগীয় মেট্রোলজি ইন্সপেক্টরেট, বিএসটিআই, ঢাকা এর আওতাভুক্ত ঢাকা মহানগরীর উত্তর সিটি কর্পোরেশন এলাকাধীন সকল পেট্রোল পাম্পে ডিসপেন্সিং ইউনিট।	১৬-০৩-২০২২ খ্রি.
২. সেবা সহজীকরণ	Google Map ব্যবহার করে প্রত্যন্ত অঞ্চলের ইটের ভাটা সনাক্তকরণ করা।	(১) বিএসটিআই, বিভাগীয় অফিস, বরিশাল এর আওতাভুক্ত ঝালকাঠি জেলার সদর থানা এলাকাধীন সকল ইট ভাটা।	২৫-০২-২০২২ খ্রি.
৩. সেবা ডিজিটাইজেশন	ওয়েববেইজড অনলাইনভিত্তিক Machine Readable QR Code সম্বলিত লাইসেন্স/সার্টিফিকেট এবং ছাড়পত্র প্রদান।	(১) সিএম, মেট্রোলজি এবং এমএসসি উইংয়ের আওতায় গ্রাহককে QR Code সম্বলিত লাইসেন্স/সার্টিফিকেট প্রদান।	৩০-১২-২০২১ খ্রি.

এমতাবস্থায়, দায়িত্বপ্রাপ্ত অফিস বা উইং কর্তৃক উপরোক্ত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশন এর উদ্যোগ ছকে বর্ণিত সময় অনুযায়ী বাস্তবায়নের কৌশল নির্ধারণ ও পরিকল্পনা গ্রহণ করে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ তাহের জামিল)
পরিচালক (প্রশাসন)

কার্যার্থে বিতরণ:

- ১। পরিচালক (পদার্থ/মেট্রোলজি/সিএম), বিএসটিআই, ঢাকা।
- ২। উপপরিচালক ও আঞ্চলিক অফিস প্রধান, বিএসটিআই, বিভাগীয় অফিস, বরিশাল।
- ২। উপপরিচালক (ডিএমআই), বিএসটিআই, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। জনাব মোঃ গোলাম বাকী, উপপরিচালক (সিএম) ও ফোকাল পয়েন্ট (এপিএ), বিএসটিআই, ঢাকা।
- ২। জনাব হাবিবুর রহমান খান, পরীক্ষক (পাট ও বস্ত্র) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, বিএসটিআই, ঢাকা।
- ৩। পিএ টু মহাপরিচালক (গ্রুপ-১), বিএসটিআই, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)




জারী